পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল:৭-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

নং পসব্য/প্রকা/ ব্যব-পরি-দপ্তর/প্রশা-০১/২০২৪-২৫/১০৫ তারিখ: ২৮/০৫/২০২৫খ্রি.

জনাব মো: নূর হাকিম
সম্পাদক ও প্রকাশক
দৈনিক সকালের সময়
ইডিবি ট্রেড সেন্টার ৯৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়: পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সম্পর্কে অসত্য ও বিভ্রান্তিমূলক সংবাদ প্রচারের মাধ্যমে প্রতিষ্ঠানের ভাবমূর্তী ক্ষুণ্নের প্রতিবাদ।

প্রিয় মহোদয়,

আপনার প্রকাশিত “দৈনিক সকালের সময়”পত্রিকায় **“পল্লী সঞ্চয় ব্যাংকের আইন লঙ্ঘন করে ব্যবস্থাপনা পরিচালকের পদে সালমা বানু!”** শিরোনামে ২৮ মে, ২০২৫ তারিখে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের ছবিসহ অসত্য এবং বিভ্রান্তিমূলক সংবাদ প্রকাশিত হয়েছে। দেশের প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়নের জন্য প্রতিষ্ঠিত পল্লী সঞ্চয় ব্যাংক এর বিরুদ্ধে এরূপ অসত্য এবং বিভ্রান্তিমূলক তথ্য প্রকাশে প্রতিষ্ঠানের ভাবমূর্তী এবং ব্যবস্থাপনা পরিচালকের সম্মান ক্ষুন্ন হয়েছে। পল্লী সঞ্চয় ব্যাংক উক্ত অসত্য ও বিভ্রান্তিমূলক সংবাদের প্রতিবাদ জানাচ্ছে। অধিকন্তু প্রকৃত তথ্য সম্বলিত সংযুক্ত প্রতিবাদ আপনার পত্রিকায় উল্লেখযোগ্য স্থানে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি: ৩ পাতা। আপনার বিশ্বস্ত

২৮/০৫/২০২৫
(সালমা বানু)
ব্যবস্থাপনা পরিচালক
ফোনঃ ০২-৫৫১৩৮৫৫৯
মোবাইল নং: ০১৮২৪-৮০০১১৮
ই-মেইলঃ md@pallisanchaybank.gov.bd

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল:৭-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

"পল্লী সঞ্চয় ব্যাংকের আইন লঙ্ঘন করে ব্যবস্থাপনা পরিচালকের পদে সালমা বানু!" শিরোনামে দৈনিক সকালের সময় পত্রিকায় **অসত্য, ভিত্তিহীন ও বিভ্রান্তিমূলক সংবাদ প্রকাশের প্রতিবাদলিপি।**

দৈনিক সকালের সময় পত্রিকায় "পল্লী সঞ্চয় ব্যাংকের আইন লঙ্ঘন করে ব্যবস্থাপনা পরিচালকের পদে সালমা বানু!" শিরোনামে ২৮ মে, ২০২৫ তারিখে পল্লী সঞ্চয় ব্যাংক ও ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের সুনাম ক্ষুণ্ন করে ভিত্তিহীন, অসত্য ও বিভ্রান্তিমূলক সংবাদ প্রকাশিত হয়েছে। উক্ত সংবাদে ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে বিভিন্ন মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ তোলা হয়েছে যার কারণে ব্যাংকের এবং ব্যবস্থাপনা পরিচালকের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। সংবাদে ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ, তার শিক্ষাজীবন ও পদোন্নতি, ব্যাংকের বর্তমান আর্থিক অবস্থা, এফডিআর এবং গ্রাহক সংক্রান্ত মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ তোলা হয়েছে। ব্যাংকের অভ্যন্তরীণ বিষয়ে অভিযোগ তোলা হলেও বিষয়গুলো সম্পর্কে ব্যাংকের কোন নির্বাহী বা সংশ্লিষ্ট কর্মকর্তার বক্তব্য গ্রহণ করা হয়নি যা বস্তুনিষ্ঠ সাংবাদিকতা এবং সংবাদ প্রকাশের নীতিকে সমর্থন করেনা।

বাংলাদেশের প্রান্তিক জনগণের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক গঠিত হয়। ব্যাংকটি প্রতিষ্ঠার পর থেকে দেশের প্রায় ৫০ লক্ষ হতদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে তাদের ভাগ্যোন্নয়নে সহায়তা করেছে। ব্যাংকের কর্মপরিধি দেশের প্রায় প্রতিটি প্রান্তে পৌঁছে দিয়েছে আর্থিক স্বাবলম্বীতা। এর পেছনের রয়েছে ব্যাংকে কর্মরত প্রায় ১০ হাজার কর্মকর্তা-কর্মচারীর একান্ত প্রচেষ্টা। দেশের আর্থিক অগ্রগতিতে অগ্রনী ভূমিকা পালনকারী একটি প্রতিষ্ঠানের বিভিন্ন অভ্যন্তরীণ বিষয় নিয়ে পরিস্কার ধারণা ব্যতীত ঢালাওভাবে অভিযোগ করে ভিত্তিহীন সংবাদ প্রকাশের আগে অবশ্যই নির্বাহী কর্তাব্যক্তিদের এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বক্তব্য গ্রহণ বাঞ্ছনীয় বলেই আমরা মনে করি।

প্রকাশিত সংবাদে বর্তমান ব্যবস্থাপনা পরিচালক জনাব সালমা বানু এর এমডি পদে নিয়োগকে প্রশ্নবিদ্ধ করা হয়েছে। পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১৩(২) এর বিধান মোতাবেক বোর্ড কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক নিযুক্তির ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করতে হবে, কিন্তু বোর্ডের পরিবর্তে বিবেচ্য ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ প্রদান করেছে। ব্যবস্থাপনা পরিচালক যথাযথভাবে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে যোগদান করেছেন যা উক্ত বিভাগ হতে পৃষ্ঠাঙ্কনপূর্বক গভর্নরসহ সংশ্লিষ্ট সবাইকে অবগত করা হয়েছে বিধায় পূর্বানুমোদন গ্রহণ করা হয়নি। আরো উল্লেখ্য যে, ব্যবস্থাপনা পরিচালকের সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক সম্পন্ন করা হয়েছে।

সংবাদে আরো বলা হয়েছে, জনাব সালমা বানু ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সক্রিয় কর্মী ছিলেন যা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগের পূর্বে তার ব্যক্তিজীবন ও কর্মজীবন পুলিশ ভেরিফিকেশনের মাধ্যমে যাচাই বাছাই করেই সরকার কর্তৃক তাকে নিয়োগ দেয়া হয়েছে। সেখানে তার বিরুদ্ধে রাজনৈতিক সংশ্লিষ্টতার কোন প্রমাণ পাওয়া যায়নি। আপনারা অবগত যে, সরকার জুলাই অভ্যুত্থান পরবর্তী অন্তর্বর্তীকালীন সরকার ফ্যাসিস্ট আওয়ামীলীগের দোসরদের রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে পদায়ন না করার ব্যাপারে বদ্ধপরিকর ও সতর্ক অবস্থানে রয়েছে। সুতরাং বর্তমান

অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে ব্যাংকের এমডি পদে আওয়ামীলীগ সংশ্লিষ্ট বা মদদপুষ্ট কাউকে নিয়োগ দেয়ার বিষয়টি বাস্তব সম্পন্ন নয়।

সংবাদে জনাব সালমা বানুর পদোন্নতির বিষয়ক বানোয়াট তথ্য প্রকাশ করা হয়েছে। জনাব সালমা বানুকে তার মেধা, যোগ্যতা ও কর্মদক্ষতার ভিত্তিতে পূর্বের ব্যাংকসমূহে পদোন্নতি প্রদান করা হয়। অদ্যাবধি তার বিগত কর্মজীবন নিয়ে কোথাও কোন আপত্তি উত্থাপিত হয়নি।

বর্তমান ব্যবস্থাপনা পরিচালক দায়িত্ব গ্রহণের পর থেকে ব্যাংকের বিভিন্ন সূচকে ইতিবাচক পরিবর্তন ঘটেছে। এর মধ্যে ব্যাংকের আমানতের স্থিতি, মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ, মোট সম্পদ এর পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি কিছু সূচকের অধিকতর উন্নতির জন্য ব্যবস্থাপনা পরিচালক কৌশলগত বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন যার ফলে নিকটতম সময়ে ব্যাংকের আরো উন্নতি দৃশ্যমান হবে। ব্যবস্থাপনা পরিচালক দায়িত্ব গ্রহণের পর থেকে বিভিন্ন কার্যকরী পদক্ষেপ গ্রহণের ফলে ব্যাংক বিপুল পরিমাণ মুনাফা অর্জন করেছে। তার সুকৌশলী নের্তৃত্বগুণের কারণেই বর্তমান অর্থ বছরের ২০মে, ২০২৫ পর্যন্ত ব্যাংক প্রায় ৩২১ কোটি টাকার অধিক পরিচালন মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে যা ব্যাংকের অতীত যে কোন সময়ের তুলনায় অনেক বেশি এবং চলতি অর্থ বছর শেষে পল্লী সঞ্চয় ব্যাংক ইতিহাসের রেকর্ড পরিমাণ মুনাফা অর্জন করবে বলে আশা করা যায়।

উল্লিখিত পত্রিকার ভাষ্যমতে "ঋণ গ্রহীতাদের ঋণের প্রচুর চাহিদা সত্ত্বেও প্রায় ২৫০০.০০ কোটি টাকা বিভিন্ন প্রাইভেট ও খারাপ ব্যাংকে রাখা হয়েছে", যা সম্পূর্ণ অসত্য ও মিথ্যা। বাংলাদেশ ব্যাংকের নিয়মানুযায়ী প্রত্যেক ব্যাংককে তারল্য ঝুঁকি মোকাবেলায় এসএলআর ও সিআরআর বাবদ ডিপোজিটের একটি বড় অংশ লিকুইড অর্থ সংরক্ষণ করতে হয়। উক্ত অর্থসহ ব্যাংকের বিভিন্ন ধরনের প্রভিশন, ভ্যাট/ট্যাক্স, স্টাফদের কর্তণকৃত সিপিএফ ফান্ড, গ্র্যাচুইটি ফান্ড, বেনেভোলেন্ট ফান্ড, সদস্যদের ডেথ রিস্ক কভারেজ স্কিম ইত্যাদি খাতে তারল্য সংকট মোকাবেলায় ঝুঁকি এড়াতে ব্যাংকের প্রায় ২৬১৫.০০ কোটি টাকা সংরক্ষণ রাখার কথা থাকলেও ব্যাংক তার চেয়ে কম অর্থ সংরক্ষণ করছে। অপরদিকে উক্ত অর্থ হতে প্রাপ্ত সুদ দিয়ে ব্যাংকের প্রধান কার্যালয়সহ ৬৪টি জেলা কার্যালয় ও ২১টি অডিট কার্যালয়ের বেতন/ভাতাদি ও অন্যান্য খরচাদি মেটানোর পর অবশিষ্ট অর্থ হতে প্রতি বছর গড়ে ২০০ থেকে ৩০০ কোটি টাকা টাকা শাখায় ঋণ বিতরণের জন্য প্রেরণ করা হচ্ছে। উল্লেখ্য, এফডিআর খাতে বিনিয়োগকৃত অর্থের বেশিরভাগ অর্থ সরকারি ব্যাংকে রাখা হয়েছে। উল্লেখ্য, বর্তমান ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ব্যাংকে যোগদানের পর থেকে কোনো প্রাইভেট ব্যাংকে অর্থ বিনিয়োগ করা হয়নি। বরং তার নেতৃত্বের কারণেই পূর্বে বিনিয়োগকৃত বিভিন্ন প্রাইভেট ব্যাংকে থাকা অর্থসমূহ প্রতিমাসেই উল্লেখ্যযোগ্যহারে সুদসহ ফেরত আনা হচ্ছে।

বর্তমান ব্যবস্থাপনা পরিচালক দায়িত্ব গ্রহণের পর থেকে ব্যাংকের সকল কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করেছেন। ব্যাংকের সামগ্রিক কার্যক্রম দুর্নীতিমুক্ত রাখার সর্বাঙ্গীন পদক্ষেপ গ্রহণ করেছেন। গৃহ নির্মান ঋণ, মোটরসাইকেল ঋণ এবং অন্যান্য সকল আর্থিক লেনদেনে শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করে ব্যাংক ও ব্যাংকের বাইরে ব্যাপক গ্রহণযোগ্যতা অর্জন করেছেন। এছাড়া ব্যাংকের অভ্যন্তরীণ বিভিন্ন জটিলতা ও সমস্যা নিরসনে নানাবিধ কার্যকরী উদ্যোগ গ্রহণ করেছে যা ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ইতিবাচক প্রভাব ফেলছে।

জনাব সালমা বানু ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব গ্রহণের পর থেকে ব্যাংকের কল্যাণে বিভিন্ন ইতিবাচক ও ফলপ্রসূ পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি ব্যাংকের সকল কার্যক্রমে শতভাগ জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করেছেন। ব্যাংকের যেকোন অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করেছেন। ব্যাংকে সকল দুর্নীতি বন্ধ হওয়ায় একটি কুচক্রি মহল ব্যাংকের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়ে এধরনের মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন সংবাদ প্রকাশে প্রভাবিত করাসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরে ব্যাংক ব্যবস্থাপনার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ দাখিলের মত হীন প্রচেষ্টায় লিপ্ত রয়েছে।

সর্বোপরি, উক্ত সংবাদের মাধ্যমে যে অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন ও বানোয়াট। সরকার ও জনগণের স্বার্থে পরিচালিত একটি বিশেষায়িত ব্যাংকের বিরুদ্ধে এ ধরনের সংবাদ প্রতিষ্ঠানের সম্মান ও এর উপকারভোগীদের নিকট প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন করে। আমরা ভবিষ্যতে এ ধরনের সংবাদ প্রকাশের ক্ষেত্রে আরো বস্তুনিষ্ঠ, স্বচ্ছ, পক্ষপাতহীন দায়িত্বশীল আচরনের জন্য অনুরোধ করছি এবং আবারো ২৮ মে, ২০২৫ তারিখে পল্লী সঞ্চয় ব্যাংক ও ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে নিয়ে আপনার প্রকাশিত ভিত্তিহীন, বানোয়াট ও পক্ষপাতদুষ্ট খবরের বিরুদ্ধে তীব্র নিন্দা ও প্রতিবাদ জ্ঞাপন করছি।

আপনার বিশ্বস্ত

২৮/০৫/২০২৫

(সালমা বানু)
ব্যবস্থাপনা পরিচালক
ফোনঃ ০২-৫৫১৩৮৫৫৯
মোবাইল নং: ০১৮২৪-৮০০১১৮
ই-মেইলঃ md@pallisanchaybank.gov.bd